


- ৪। তারকচাঁদ কয় ওরে যাদব, শ্রীগুরুচাঁদ দেবের দুর্লভ,  
তোরে দেখায়ে দিছি ।  
ও তাঁর রাতুল পদে, প্রাণ সাঁপে দে, যে কয়দিন  
থাকিস্ বাঁচি ॥  
—যাদবচন্দ্র গোস্বামী ঠাকুর



৯৬ নং

তাল—গড়খেমটা

- তুমি বড় দয়াল মাঝিরে, পার কর আমারে ।  
পার কর আমারে, ডাকিহে, কাতরে,  
আমি দাঁড়িয়ে আছি কিনারে ॥
- ১। তুমি বড় দয়াল মাঝি, আমার প্রতি হও হে রাজি,  
পার করে নেও হে বাবাজী, তরী ত্বরায় বেয়ে এস রে ॥
- ২। দেখিয়ে অকূল দরিয়ে, আতঙ্কে কাঁপিছে হিয়ে,  
দেহের সঙ্গীগণ সব যায় ফেলিয়ে,  
তারা ফিরিয়ে না দেখে রে ॥
- ৩। যাদের আছে পারের কড়ি, তা'দের লয়ে দিচ্ছে পাড়ি,  
আমি দীন ভিখারী নাই হে কড়ি,  
আমার দেখ ঝুলি ঝেড়ে রে ॥
- ৪। দিবা যেন হ'ল অস্ত, সন্ধ্যা এল হ'য়ে ব্যস্ত,  
আমি অন্ধকার দেখি সমস্ত, যাদব ত্রস্ত হ'য়ে ডাকে রে ॥  
—যাদবচন্দ্র গোস্বামী ঠাকুর

